

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৯৮.২০-৩০০

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১  
০৬ মে ২০২৪

বিষয়: **উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০১১ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান প্যানেল গঠন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০১১ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১৫(৩) অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান পদত্যাগ, অপসারণ, মৃত্যুজনিত অথবা অন্য যে কোন কারণে চেয়ারম্যানের পদ শূন্য হলে নতুন চেয়ারম্যানের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত চেয়ারম্যানের প্যানেল হতে অগ্রাধিকারক্রমে একজন ভাইস চেয়ারম্যান চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। এছাড়া চেয়ারম্যানগণের ছুটিকালীন সময়ে চেয়ারম্যান প্যানেল-১ কে চেয়ারম্যানের দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু কোনো কোনো উপজেলা পরিষদ আইন অনুযায়ী চেয়ারম্যান প্যানেল গঠন না করায় চেয়ারম্যানের শূন্য পদে দায়িত্ব প্রদানে জটিলতা সৃষ্টি হয়। ফলে উপজেলা পরিষদের দাপ্তরিক ও উন্নয়নমূলক কাজ বাধাগ্রস্ত হয়।

০২। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ১৫(১) ধারাতে নিম্নরূপ উল্লেখ রয়েছে:

**“পরিষদ গঠিত হইবার পর প্রথম অনুষ্ঠিত সভার এক মাসের মধ্যে ভাইস চেয়ারম্যানগণ তাহাদের নিজেদের মধ্য হইতে অগ্রাধিকারক্রমে দুই সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যানের প্যানেল নির্বাচিত করিবেন।”**

০৩। এমতাবস্থায়, উপজেলা পরিষদ নির্বাচন হওয়ার পর উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০১১ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১৫ অনুযায়ী পূর্ণ মেয়াদের (৫ বছর) জন্য নিম্নোক্ত ছক মোতাবেক চেয়ারম্যান প্যানেল গঠন করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

জেলার নাম	উপজেলার নাম	চেয়ারম্যান প্যানেল
১	২	৩
		(১) ভাইস চেয়ারম্যানের নাম ও পদবি
		(২) ভাইস চেয়ারম্যানের নাম ও পদবি

 ০৬.০৫.২০২৪

(ড. মাসুরা বেগম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

বিতরণ:

১। চেয়ারম্যান (সকল), ..... উপজেলা পরিষদ, ..... জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..... উপজেলা, ..... জেলা।

অনুলিপি-সদয় অবগতির জন্য:

১। বিভাগীয় কমিশনার (সকল) ..... বিভাগ।

২। জেলা প্রশাসক (সকল), ..... জেলা।

৩। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), ..... জেলা।

৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল), ..... উপজেলা পরিষদ, ..... জেলা।

৭। যুগ্মসচিব প্রশাসন অনুবিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

৮। যুগ্মসচিব (উপজেলা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।